



BANGLADESH FEDERATION OF FILM SOCIETIES  
বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ  
MEMBER, INTERNATIONAL FEDERATION OF FILM SOCIETIES



২১ সেপ্টেম্বর, ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

একাডেমি অব মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেস (এএমপিএএস) আয়োজিত ৯৮তম একাডেমি গ্র্যাওয়ার্ডসের (অস্কার) আন্তর্জাতিক ফিচার ফিল্ম বিভাগে (বিদেশি ভাষার চলচ্চিত্র হিসেবে পরিচিত) অংশ নিতে বাংলাদেশি চলচ্চিত্র জমা দেওয়ার আনুষ্ঠানিক আহ্বানে নির্ধারিত সময়ের মধ্যে ৫টি সিনেমা জমা পড়েছে।

বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ (বিএফএফএস)-এর অফিস থেকে আগ্রহী চলচ্চিত্র নির্মাতা ও প্রযোজকদের ফরম সংগ্রহ ও জমাদানের মাধ্যমে এ সিনেমাগুলো জমা পড়ে। ১৬ সেপ্টেম্বর ছিল সিনেমা জমা দেওয়ার শেষ তারিখ। জমা পড়া সিনেমা পাঁচটি হলঃ ‘সাবা’ (পরিচালক: মাকসুদ হোসাইন; প্রযোজনা সংস্থা: ফিউশন পিকচার), ‘বাড়ির নাম শাহানা’ (পরিচালক: লীসা গাজী; প্রযোজনা সংস্থা: কমলা কালেক্টিভ ও গুপী বাঘা প্রোডাকশন্স লিমিটেড), ‘নকশিকাঁথার জমিন’ (পরিচালক: আকরাম খান; প্রযোজনা সংস্থা: টিএম ফিল্মস), ‘প্রিয় মালতী’ (পরিচালক: শঙ্খ দাশগুপ্ত; প্রযোজনা সংস্থা: ফ্রেম পার সেকেন্ড) ও ‘ময়না’ (পরিচালক: মনজুরুল ইসলাম মেঘ; প্রযোজনা সংস্থা: জাজ মাল্টিমিডিয়া)।

একাডেমি কর্তৃক নির্ধারিত নিয়ম অনুযায়ী, বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ (বিএফএফএস)-এর তত্ত্বাবধানে ড. মোহাম্মদ জহিরুল ইসলামের সভাপতিত্বে ‘অস্কার বাংলাদেশ কমিটি’ বাংলাদেশ থেকে এন্ট্রি আমন্ত্রণ ও পর্যালোচনা করার দায়িত্ব পেয়েছে। নির্বাচিত ছবিটি চলচ্চিত্রের বৈশ্বিক মঞ্চে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করবে। বাংলাদেশ থেকে অস্কারের বেস্ট ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম বিভাগে পাঠানোর জন্য জমা পড়া পাঁচটি সিনেমাকে বিচার-বিশ্লেষণ করে অস্কারের জন্য সর্বসম্মতিক্রমে একটি সিনেমাকে মনোনয়ন দেয়া হবে। নির্বাচন কমিটি সিদ্ধান্ত গ্রহণের পরপরই আগামী ২৭ সেপ্টেম্বর সংবাদ সম্মেলনের মাধ্যমে এ মনোনয়ন সাংবাদিকদের সামনে ঘোষণা করা হবে।

আব্দুল্লাহ আল মারুফ

সমন্বয়ক

অস্কার বাংলাদেশ কমিটি

ইমেইল: [info.bffs@gmail.com](mailto:info.bffs@gmail.com)